Total No. of Printed Pages—8

**1 SEM FYUGP BNLC1**

**2024**

( December )

BENGALI

( Core )

Paper : BNLC1

( প্রাগাধুনিক বাংলা সাহিত্য )

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) চর্যাপদে মোট কতগুলি পদ ছিল?

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শন কী?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কত সালে আবিষ্কৃত হয়েছিল?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবিকে নিয়ে যে সমস্যা ও বিতর্কের সৃষ্টি হয়েছিল তা লেখ।

(খ) কবি কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলঙ্কার' কে বলেছিলেন? 'রামায়ণ'-এর অনুবাদক হিসাবে কৃত্তিবাসের পরিচয় দাও।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) সমস্ত পূর্ব ভারতের নব্যভাষায় প্রথম গ্রন্থটির নাম কী? গ্রন্থটির প্রকৃত নাম কী ছিল? গ্রন্থটি কত সালে এবং কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল? চর্যার কবিতাতে যে সমাজ-চিত্র প্রকাশ পেয়েছে তা বর্ণনা কর।

(খ) প্রাক্-চৈতন্য যুগের বাংলা সাহিত্যে বৈষ্ণব পদকর্তা বিদ্যাপতির যে অবদান রয়েছে তা লেখ।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) আদি চণ্ডী কাদের দেবী ছিলেন?

(খ) দৌলতকাজী কোন্ রাজসভার কবি ছিলেন?

(গ) ষড়গোস্বামীর অন্তর্ভুক্ত একজন গোস্বামীর নাম লেখ।





৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) সপ্তদশ শতাব্দীর 'শিবায়ন' কাব্যের একজন কবির নাম উল্লেখ করে তাঁর কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) অষ্টাদশ শতাব্দীর সর্বশ্রেষ্ঠ কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি আলোচনা কর।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) চৈতন্য জীবনী-কাব্যগুলির মধ্যে বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' সবচেয়ে জনপ্রিয়। জীবনীকাব্য 'চৈতন্যভাগবত' পর্যালোচনা করে কবি বৃন্দাবনদাসের প্রতিভার পরিচয় দাও।

(খ) বিদ্যাপতি, চণ্ডীদাসকে বাদ দিলে গোবিন্দদাস কবিরাজ 'বৈষ্ণব পদাবলী'র গৌরবজনক কবি। গোবিন্দদাসের কবি-প্রতিভার পরিচয় দাও।

## তৃতীয় একক

'ক' অংশ *অথবা* 'খ' অংশ থেকে উত্তর দাও

### ক—অংশ

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) চৈতন্য-পরবর্তী একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখ।

(খ) মহাপ্রভু চৈতন্যদেব কোন্ বৈষ্ণব কবির পদ আস্বাদন করতেন?

(গ) গোবিন্দদাস কোন্ ভাষায় বেশি পদ রচনা করেছেন?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) নীরদ-নয়ানে নীর-ঘন-সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব।
স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত
বিকশিত ভাব-কদম্ব॥
কি পেখলুঁ নটবর গৌর কিশোর।

এই পদটির পদকর্তার নাম কী? এখানে গৌরাঙ্গের যে রূপ প্রকাশ পেয়েছে তার বর্ণনা দাও।

(খ) চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি।
নয়ান-নাচনে নাচে হিয়ার পুতলি॥
পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে।
পরাণ চমকে যদি ছাড়হ নিঃশ্বাসে॥
রাই কত পরখসি মোরে আর।
তুয়া আরাধন মোর বিদিত সংসার॥

এই পদটির পদকর্তা কে? এই পদটির মূলভাব বুঝিয়ে লেখ।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'বৈষ্ণব পদাবলী'র কবি বিদ্যাপতির কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদকর্তা বলরামদাসের কবি-কৃতিত্ব বিচার কর।





অথবা

## খ—অংশ

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'শাক্তপদাবলী'র রস কত প্রকার?

(খ) উনবিংশ শতাব্দীর একজন শাক্ত কবির নাম লেখ।

(গ) উমা কার কন্যা?

১১। যে কোনো একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : ৪

(ক) "গিরি, এবার উমা এলে আর উমা পাঠাব না
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।
যদি এসে মৃত্যুঞ্জয়; উমা নেবার কথা কয়—
এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া;
জামাই বলে মানবো না॥"

উদ্ধৃত অংশটি কোন্ পর্যায়ের পদ? পদটির অর্থ বুঝিয়ে লেখ।

(খ) "ওরে নবমীনিশি! না হইও রে অবসান।
শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান॥
খলের প্রধান যত, কে আছে তোমার মত।
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ॥"

উদ্ধৃতাংশটি কোন্ শাক্ত পদকর্তার রচনা? পদটির মূলভাব বুঝিয়ে লেখ।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'শাক্তপদাবলী'তে 'আগমনী' ও 'বিজয়া'-বিষয়ক পদগুলিতে যে মানবিক আবেদন ও সমাজ-বাস্তবতার চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(খ) " 'আগমনী' ও 'বিজয়া'র গান কেবলমাত্র ধর্মীয় গীত নয়, বাঙালীর দৈনন্দিন জীবনে মা ও মেয়ের সম্পর্কের বাস্তব ও স্পর্শকাতর জীবনচিত্র বলা অধিক সঙ্গত।" এই উক্তির যথার্থতা প্রমাণ কর।

## চতুর্থ একক

**'ক' অংশ *অথবা* 'খ' অংশ থেকে উত্তর দাও**

### ক—অংশ

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কবি ভারতচন্দ্র কোন্ শতাব্দীর শ্রেষ্ঠ কবি ছিলেন?

(খ) ভারতচন্দ্রের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(গ) ভারতচন্দ্র কোন্ কাব্যের জন্য অমর হয়ে আছেন?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ভারতচন্দ্র রায়ের কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) 'অন্নদামঙ্গল' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত ও কী কী? প্রথম খণ্ড অবলম্বনে দেবীর মাহাত্ম্য বর্ণনা কর।





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য পৌরাণিক হলেও এর মধ্য দিয়ে বাংলাদেশের যে সমাজ ও মানুষের চিত্র চমৎকারভাবে ফুটে উঠেছে তা তুলে ধর।

(খ) ভারতচন্দ্রের 'অন্নদমঙ্গল' কাব্যের দেব খণ্ড অবলম্বনে মহাদেব চরিত্রটি আলোচনা কর।

*অথবা*

### খ—অংশ

১৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কোন্ দেবীকে অবলম্বন করে 'পদ্মপুরাণ' কাব্য রচিত হয়েছে?

(খ) মনসাভক্ত কবিরা নিজেদের কী বলতেন?

(গ) মনসা কার মানসকন্যা?

১৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর লেখ : ৪

(ক) 'মনসামঙ্গল' কাব্যের কবি দ্বিজ বংশীদাসের কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) চাঁদসদাগর চরিত্রটি বর্ণনা কর।

১৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের বিশদ আলোচনা কর।

(খ) কেতকাদাস ক্ষেমানন্দ বিরচিত 'মনসামঙ্গল' কাব্যের নারী চরিত্রগুলির বর্ণনা দাও।

## পঞ্চম একক

( ২০২৩ ইং বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য অতিরিক্ত ২০ নম্বরের প্রশ্নপত্র )

১৯। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) চর্যাপদে প্রথম পদকর্তা কে?

(খ) বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন'-এ মোট কটি খণ্ড আছে?

(গ) দ্বিতীয় বিদ্যাপতি কোন্ কবিকে বলা হয়?

২০। সংক্ষেপে লেখ (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) কাশীরামদাস

(খ) জ্ঞানদাস

(গ) বাইশ-কবি 'মনসামঙ্গল' (বাইশা)

২১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বৈষ্ণব কবি জ্ঞানদাসের কবি-কৃতির পরিচয় দাও।

(খ) মঙ্গলকাব্যগুলি প্রধানত কাদের মাহাত্ম্য প্রচারের উদ্দেশ্যে রচিত হয়েছিল? কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর কবি-প্রতিভার পরিচয় দাও।

★★★